রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

প্রকা/শানিবি সার্কুলার নং-৬/২০১৭ তারিখ: ১৪.০৯.২০১৭

বিষয়: রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS) চালুকরণ প্রসংগে।

সমাজের বিভিন্ন স্তরের জনগণ বিশেষ করে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও স্বল্প আয়ের পেশাজীবি, চাকুরীজীবি, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য মাসিক কিস্তিতে সাধ্যানুযায়ী সঞ্চয়ের মাধ্যমে বিভিন্ন দর্শণীয় ও ঐতিহাসিক স্থানসমূহে ভ্রমণের লক্ষ্যে আর্থিক সক্ষমতা সৃষ্টির নিমিত্ত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিজস্ব উদ্যোগে **"রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS)"** নামীয় একটি ডিপোজিট স্কীম পরিচালনা পর্ষদের ৪৫৯তম সভায় (তারিখ ০৯.০৮.২০১৭) অনুমোদিত হয়েছে। এ স্কীমের রূপরেখা নিম্নরূপ:

(১) স্কীমের নাম : "রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS)"
(২) স্কীমের মেয়াদকাল : ০১ (এক) বছর। মেয়াদ পূর্তির পর পুনরায় ০১(এক) বছরের জন্য পুনঃপুনঃনবায়নযোগ্য।
(৩) হিসাবের মাসিক জমার পরিমাণ : ১,০০০/- টাকা ও এর গুণিতক।
(৪) সুদ হার : ৬.০০% (বার্ষিক চক্রবৃদ্ধি)

(৫) হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলী :

ক) ১৮(আঠার) বৎসর কিংবা তদূর্ধ্ব কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত এবং সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী পুরুষ/মহিলা নাগরিক নিজ নামে ব্যাংকের নির্ধারিত আবেদন পত্রের মাধ্যমে প্রত্যেক মাসের ০১ তারিখ হতে ১৫ তারিখের মধ্যে এই স্কীমের আওতায় হিসাব খুলতে পারবেন।

খ) হিসাব খোলার সময় আমানতকারীকে তার সঠিক পরিচিতি (Introduction) ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি শাখায় নিয়মিত পরিচালিত হচ্ছে এমন যে কোন আমানত হিসাবের হিসাবধারী দ্বারা কিংবা ব্যাংকের ন্যূনতম কর্মকর্তা পদমর্যাদার কর্মকর্তা দ্বারা কিংবা পদবী নির্বিশেষে শাখা ব্যবস্থাপক দ্বারা সত্যায়িত করতে হবে। এছাড়া আমানতকারী তার নমিনী/নমিনীবৃন্দের ছবি নিজে সত্যায়িত করবেন।

গ) হিসাব খোলার সময় গ্রাহককে একটি নমুনা স্বাক্ষর কার্ডে ০৩(তিন) টি নমুনা স্বাক্ষর করতে হবে।

ঘ) একই ব্যক্তির নামে এই স্কীমের আওতায় একাধিক হিসাব খোলা যাবে না ।

ঙ) আমানতকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় হিসাব স্থানান্তর করা যাবে। তবে এক্ষেত্রে আমানতকারীকে ব্যাংকের প্রচলিত হারে ডাক খরচ শাখায় জমা দিতে হবে।

চ) হিসাব স্থানান্তরের ক্ষেত্রে স্থানান্তরিত শাখায় প্রত্যেকটি হিসাবের জন্য ভিন্ন হিসাব নম্বর দিতে হবে এবং হিসাব স্থানান্তরের সময় সংশ্লিষ্ট শাখায় লেনদেন বিবরণীসহ হিসাব খোলার যাবতীয় কাগজপত্র প্রেরণ করতে হবে।

(৬) জমা প্রদানের নিয়মাবলী:

ক) এই স্কীমের আওতায় খোলা হিসাবের বিপরীতে আমানতকারী প্রতি মাসে নির্ধারিত তারিখের মধ্যে মাসিক কিস্তির টাকা জমা করবেন।

খ) প্রত্যেক মাসের ০১(এক) তারিখ হতে ১৫(পনের) তারিখের মধ্যে হিসাব খোলা ও মাসিক কিস্তি জমা করতে হবে। মাসের ১৫ তারিখ সাপ্তাহিক অথবা সরকারী ছুটির দিন হলে পরবর্তী কার্যদিবসে কিস্তির অর্থ জমা করা যাবে।

গ) চেকের মাধ্যমেও মাসিক কিস্তির টাকা জমা করা যাবে। এই ক্ষেত্রেও সংশ্লিষ্ট মাসের ০১(এক) তারিখ হতে ১৫(পনের) তারিখের মধ্যে হিসাবে টাকা জমা করতে হবে। স্থিতি স্বল্পতার কারণে জমাকৃত চেকের টাকা পরিশোধিত না হলে সংশ্লিষ্ট মাসের কিস্তি খেলাপী বলে গণ্য হবে। চেকের মাধ্যমে জমা প্রদানের ক্ষেত্রে আউট স্টেশন চেক গ্রহণযোগ্য হবে না।

ঘ) গ্রাহক ও ব্যাংকের মধ্যে সমঝোতার ভিত্তিতে এই স্কীমের আওতায় অগ্রিম কিস্তি দেয়া যাবে। কিন্তু জমাদানকৃত অগ্রিম কিস্তির উপর সুদ প্রদান করা যাবে না। যে কিস্তি যে মাস হতে প্রাপ্য হবে সে মাস হতে সুদ প্রদান করা হবে।

ঙ) আমানতকারীর নামে একই শাখায় অন্য কোন সঞ্চয়ী/চলতি হিসাব থাকলে সে হিসাব হতে উক্ত স্কীমের আওতায় খোলা হিসাবে মাসিক কিস্তি স্থানান্তরের ব্যাপারে আমানতকারী শাখাকে লিখিতভাবে স্থায়ী নির্দেশ প্রদান করতে পারবেন, এক্ষেত্রে আমানতকারীকে সংশ্লিষ্ট সঞ্চয়ী/চলতি হিসাবে পর্যাপ্ত স্থিতি সংরক্ষণ করতে হবে এবং স্থায়ী নির্দেশের আলোকে ব্যাংকের অতিরিক্ত কাজের সার্ভিস চার্জ বাবদ প্রতিটি লেনদেন/স্থানান্তরের জন্য ২৫/- টাকা হারে কমিশন বাবদ সংশ্লিষ্ট সঞ্চয়ী/চলতি হিসাব হতে আদায়যোগ্য হবে।

চলমান পাতা/০২

(৭) সুদ প্রদানের হার: ৬.০০% (বার্ষিক চক্রবৃদ্ধি)। বার্ষিক হিসাব সমাপনীর তারিখে সুদ হিসাবভুক্ত করতে হবে।

(৮) নমিনী মনোনয়ন:

ক) আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে (তবে চার জনের অধিক নয়) হিসাবের নমিনী নিযুক্ত করতে পারবেন। নমিনীর সংখ্যা একাধিক হলে প্রত্যেক নমিনীর অংশও তিনি নির্ধারণ করবেন। নমিনী/নমিনীগণের পাসপোর্ট সাইজের ছবি আমানতকারী কর্তৃক সত্যায়িত করে প্রদান করতে হবে।

খ) নাবালক/নাবালিকাকেও নমিনী নিয়োগ করা যাবে। এই ক্ষেত্রে নাবালক থাকা অবস্থায় আমানতকারীর মৃত্যুর পর আমানতের অর্থ কে গ্রহণ করবে তৎসম্পর্কে তিনি লিখিতভাবে নির্দেশ প্রদান করতে পারবেন। অন্যথায় প্রচলিত আইন দ্বারা নির্ধারিত অভিভাবককে আমানতের অর্থ প্রদেয় হবে।

গ) আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহণের পূর্বে নমিনীর/নমিনীগণের মধ্যে একজনের মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে নতুনভাবে আবেদনের মাধ্যমে নমিনী নিযুক্ত করতে হবে। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী/নমিনীগণ হিসাবের অর্থ প্রাপ্য হবেন। সেক্ষেত্রে succession সার্টিফিকেট নেয়ার প্রয়োজন পড়বে না এবং তা শাখা পর্যায়েই নিষ্পন্নযোগ্য হবে।

ঘ) নমিনীকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে:

- নমিনী/নমিনীদের/মনোনীত অভিভাবকের/নাবালক-নাবালিকার আবেদন পত্র।
- আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
- নমিনী/নমিনীবৃন্দের অথবা মনোনীত অভিভাবকের/নাবালক-নাবালিকার ক্ষেত্রে (যদি থাকে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক (নমিনী/নমিনীবৃন্দের নাবালকসহ) সনাক্তকরণ পত্র।
- নমিনী/নমিনীবৃন্দ অথবা মনোনীত অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক যৌথভাবে ব্যাংকের অনুকূলে সম্পাদিত ও প্রযোজ্য মূল্যের ইনডেমনিটি বন্ড।

(৯) মেয়াদপূর্তির পূর্বে গ্রাহক কর্তৃক অথবা স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধকরণ ও পুনঃবৈধকরণ:

গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় লিখিত আবেদনের প্রেক্ষিতে হিসাব বন্ধ করতে পারবেন। এরূপ ক্ষেত্রে হিসাবের বিপরীতে নিম্নোক্ত নিয়মাবলী পরিপালন করতে হবে:

ক) হিসাব খোলার ০৬(ছয়) মাসের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক শুধুমাত্র জমাকৃত মূল হিসাবের অর্থ ফেরত পাবেন।

খ) মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি ভাংগানোর ক্ষেত্রে হিসাবের মেয়াদ ০৬ (ছয়) মাসের অধিক কিন্তু মেয়াদ পূর্তি হয়নি সে সব হিসাব ভাংগানোর পূর্বদিন পর্যন্ত ব্যাংক রেটে সুদসহ টাকা প্রাপ্য হবেন। প্রাপ্য সুদ হতে উৎসে কর কর্তনযোগ্য হবে।

গ) হিসাব খোলার পর কোন মাসের কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে গ্রাহক কর্তৃক জমা দান করা না হলে পরবর্তী মাসের ০১(এক) তারিখ হতে ১৫(পনের) তারিখের মধ্যে উপযুক্ত কারণ দর্শানোসহ তা জমা করার জন্য লিখিতভাবে আবেদন করে জরিমানাসহ বকেয়া কিস্তি জমা করলে হিসাবটি বৈধ করা যাবে। এক্ষেত্রে ১০০০/- টাকার প্রতি কিস্তি খেলাপির জন্য ২০/- টাকা জরিমানা এবং গুণিতক কিস্তির ক্ষেত্রে জরিমানাও গুণিতক হারে দিতে হবে।

(১০) মেয়াদ পূর্তির পর টাকা পরিশোধের পদ্ধতি:

ক) হিসাবের মেয়াদপূর্তির পর গ্রাহককে তার প্রাপ্য টাকা এককালীন প্রদেয় হবে। প্রাপ্য টাকা ব্যাংকের প্রচলিত নিয়মে সুদ প্রদান এবং সরকারী উৎসে কর ও আবগারী শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তনপূর্বক প্রদান করতে হবে। আমানতকারী সঞ্চয় স্কীমের জমাকৃত মাসিক কিস্তির টাকা সুদসহ মেয়াদান্তে যে পরিমাণ প্রাপ্য হবেন (সরকারী উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন ব্যতীত) তা নিম্নে দেয়া হলো:

মাসিক কিস্তির পরিমাণ	০১(এক) বছর মেয়াদান্তে সুদসহ জমা টাকার পরিমাণ (৬.০০% সুদ)
১০০০/- টাকা	১২,৩৭০/-
১০০০/- টাকা এর গুণিতক কিস্তির ক্ষেত্রে জমা টাকার পরিমাণও গুণিতক হবে।	

খ) এই স্কীমটির প্রাথমিক মেয়াদ ০১(এক) বছর। আমানতকারী ইচ্ছা করলে মেয়াদপূর্তিতে প্রাপ্য অর্থ সুদসহ উত্তোলন করতে পারবেন অথবা হিসাবটি বন্ধ না করে পুনরায় ০১ (এক) বছর মেয়াদ বর্ধিত করে কিস্তি জমা দিতে পারবেন। এভাবে প্রতি এক বছর অন্তর অন্তর হিসাবটি পুনঃপুনঃ সচল রাখা যাবে।

(১১) বিশেষ নির্দেশাবলী:

ক) এই হিসাবের বিপরীতে কোন চেক বই ইস্যু করা যাবে না। এক বছর অন্তর অন্তর আবেদনের ভিত্তিতে নগদে অর্থ প্রদেয় হবে।

খ) এই স্কীমের মেয়াদ পূর্তির পূর্বেই হিসাবধারীর মৃত্যু হলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হবে এবং ৯ (ক) ও ৯ (খ) নং ক্রমিকে বর্ণিত শর্তাদি মোতাবেক নমিনী অর্থ প্রাপ্য হবেন।

গ) এই হিসাবের কিস্তির পরিমাণ পরিবর্তন করা যাবে না। পরিবর্তন করলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

ঘ) হিসাব খোলার সময় গ্রাহককে এই মর্মে একটি ঘোষণা প্রদান করতে হবে যে, এই স্কীমের নিয়মাবলী তিনি যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন।

ঙ) এই হিসাব হতে সরকারী নিয়ম অনুসারে কর ও আবগারী শুল্ক কর্তনযোগ্য।

চ) আয়কর হতে এই স্কীমের আমানত রেয়াত প্রাপ্তিযোগ্য হবে না।

ছ) স্কীমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় ভবিষ্যতে এতদসংক্রান্ত কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/সংযোজন ব্যাংক এর সম্পূর্ণ এখতিয়ারভুক্ত থাকবে।

(১২) হিসাব খোলা ও পরিচালনার জন্য ব্যবহৃত ফরম ও বইসমূহ:

ক) এই হিসাব খোলার জন্য ফরম এবং জমা স্লিপ জোনাল পর্যায়ে মুদ্রণপূর্বক শাখাসমূহে সরবরাহ করবেন। হিসাব খোলার ফরম এবং জমা স্লিপ এর নমুনার বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

১. হিসাব খোলার ফরমঃ অভিন্ন হিসাব খোলার ফরম ব্যবহার করতে হবে।

২. জমা স্লিপ সবুজ কাগজে কালো কালিতে মুদ্রণ করতে হবে। জমা স্লিপের সাইজ আরএসএস হিসাবের অনুরূপ হবে। উল্লেখ্য যে, হিসাব খোলার ফরম ও জমা স্লিপ মানসম্পন্ন হতে হবে। জমা স্লিপে ক্রমিক নম্বর ও মোবাইল ফোন নম্বর থাকতে হবে।

খ) এই হিসাব পরিচালনার ক্ষেত্রে সঞ্চয়ী হিসাবের জন্য ব্যবহৃত লেজার, নমুনা স্বাক্ষর কার্ড ব্যবহৃত হবে।

গ) জেনারেল লেজারে ২৪২ শিরোনামে "রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS)" মূল খাত এবং উক্ত হিসাবে সুদ প্রদানের জন্য ব্যয় খাতে ১৩৩/৩৭T "রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS) এর উপর প্রদত্ত সুদ" উপ-খাত খুলতে হবে। শাখাকে প্রতি জুন মাসে বাৎসরিক হিসাব সমাপনীতে "রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS) সুদ হিসাব ১৩৩/৩৭T" ডেবিট করে গ্রাহকগণের হিসাবে সুদ প্রদান করতে হবে। মাসিক ভিত্তিতে "রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS)" হিসাবের ব্যালান্সিং করতে হবে।

ঘ) এই হিসাব খোলার জন্য পৃথক হিসাব খোলার রেজিষ্টার সংরক্ষণ করতে হবে এবং পৃথক ক্রমিক নম্বর ব্যবহার করতে হবে।

(১৩) "রাকাব ভ্রমণ সঞ্চয় স্কীম (RTSS)" হিসাবের বিবরণী শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরিতব্য মাসিক প্রতিবেদনে অন্যান্য হিসাব সংক্রান্ত তথ্যের উপরে এবং গ্রামীণ পেনশন সঞ্চয় প্রকল্পের (RGSS) নিচে পৃথক কলামে উল্লেখ করতে হবে।

(১৪) প্রচারণার নিমিত্তে জোনাল ব্যবস্থাপক কর্তৃক শাখাসমূহের উপযুক্ত স্থানে পোস্টার প্রদর্শন ও ব্যানার স্থাপনের মাধ্যমে এ স্কীমের আওতায় হিসাব খোলার জন্য জনসাধারণকে আকৃষ্ট এবং উদ্বুদ্ধকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৪/৯
০১৭
(জগন্নাথ ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্বে)

চলমান পাতা/০৪

পত্র নং-প্রকা/শানিবি-৮(৫৩)/২০১৭-২০১৮/ ২১৯(৪৫০) তারিখঃ ১৪.০৯.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১০। উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, এলপিও, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১৪। অফিস নথি/মহানথি।

১৪.০৯.২০১৭
(শামীমা ফেরদৌস শিমুল)
উর্ধতন মুখ্য কর্মকর্তা